# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-৩৫৭/নতুন/ঢাকা ২১৩১৭ তারিখ ঃ ০৭/০৮/১২

বিষয় ঃ **বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/০৫/২০১২ তারিখের শিম/শা১১/৬-৯১(পাঠদান)/স্বীকৃতি/২০১২/৩৩৫ নং স্মারক।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১২ তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছরের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণি খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

১। আবশ্যিক বিষয়সমূহ ঃ (ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান,

২। নৈর্বাচনিক বিষয়সমূহ ঃ পাঠ্যক্রম অনুযায়ী।
যে কোন ৩টি

৩। ঐচ্ছিক বিষয় ঃ ঐ
যে কোন ১টি

**শর্তসমূহ ঃ**

১। নবম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতে একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।

২। এ পত্র কার্যকর হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।

৩। বিদ্যালয়ের নবম/১২ সনের ছাত্র/ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।

৪। সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিঃ) বরাবরে বিদ্যালয়ের কম্পিউটার কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজী ক্যাপিটাল লেটারে লিখে দাখিল করতে হবে।

৫। এসএসসি পরীক্ষা পাশের ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে প্রথম স্বীকৃতি প্রাপ্তির জন্য বোর্ডের সচিবের অনুকূলে ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকার জমা দেয়ার পর ০১/০১/২০১৫ তারিখ হতে প্রথম স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

৬। **ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।**

৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।

৮। বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।

৯। বিদ্যালয়ের আঙ্গীনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্চার ব্যবস্থা করতে হবে।

১০। সরকারী নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।

**১১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।**

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ
**মোঃ শাহেদুল খবির চৌধুরী**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক ঃ **প্রধান শিক্ষক**
বারিধারা স্কলার্স ইনস্টিটিউশন,
ডি.ও.এইচ.এস. বারিধারা,
সেনানিবাস, ঢাকা।

মেমো নং- তারিখ ঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঢাকা ।
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ।
৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা ।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস কপি।

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং-৮৬২৫৭৩০